



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা
www.shed.gov.bd




নং- ৩৭.০০.০০০০.০৮০.২৫.০০১.২২- ৭৫

তারিখ: ২২ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
০৫ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২২-২৩ শিক্ষাবর্ষে Actuarial Science/ Actuarial Management বিষয়ে ২ বছর মেয়াদী
মাস্টার্স প্রোগ্রামের বৃত্তির বিজ্ঞপ্তি প্রচার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দেশে প্রয়োজনীয় সংখ্যক একচুয়ারি সৃষ্টির লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠান
বিভাগ কর্তৃক প্রকাশিত ২০২২-২৩ শিক্ষাবর্ষে Actuarial Science/ Actuarial Management বিষয়ে ২
বছর মেয়াদী মাস্টার্স প্রোগ্রামের বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো এবং
বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোঃ মাসুম আহমেদ
উপসচিব

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পাতা।

ফোনঃ ৮৮+০২২২৩৩৯০৬৭২

ই :মেইল-ds_stp@moedu.gov.bd

বিতরণ (প্রয়োজনীয় কার্যার্থে):

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই বাংলা নগর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট, আইসিটি সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরী ও মাদ্রাসা
শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি স্ব-স্ব বিভাগের ওয়েবসাইটে প্রচার
এবং বিশ্ববিদ্যালয়ের গ্রুপ মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ০১। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০২। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির
জন্য)।
- ০৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব
মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
(অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। অফিস কপি/ সংরক্ষণ কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
(বীমা শাখা)
www.fid.gov.bd

নম্বর-৫৩.০০.০০০০.৪১১.২৪.০০১.২০২০ (অংশ)-১৮১

২৯ ফাল্গুন ১৪২৮

১৪ মার্চ ২০২২


বৃত্তি পুনঃবিজ্ঞপ্তি

বিষয় : ২০২২-২৩ শিক্ষাবর্ষে Masters in Actuarial Science এবং Masters in Actuarial Management বিষয়ে ২ বছর মেয়াদী বৃত্তির জন্য আবেদন আহ্বান।

দেশে প্রয়োজনীয় সংখ্যক একচুয়ারি সৃষ্টির লক্ষ্যে ২০২২-২৩ শিক্ষাবর্ষে Actuarial Science এবং Actuarial Management বিষয়ে মাস্টার্স প্রোগ্রামের জন্য প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে ও নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

- ১। ১ম বছর Masters in Actuarial Science ডিগ্রির জন্য যুক্তরাজ্যের City, University of London এর Bayes Business School (Formerly Cass Business School) থেকে Unconditional Offer Letter থাকতে হবে। শর্তযুক্ত Offer Letter সংবলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে;
- ২। Bayes Business School এর সকল শর্তাদি পূরণপূর্বক Masters in Actuarial Science সম্পন্ন করার পর পরবর্তী ১ বছর মেয়াদে Masters in Actuarial Management প্রোগ্রামে ভর্তির যোগ্যতা অর্জন করতে হবে;
- ৩। বয়সসীমা: ৩০-০৬-২০২২ তারিখে সর্বোচ্চ ৪০ বছর;
- ৪। বিদেশে সম্পন্ন স্নাতক/মাস্টার্স ডিগ্রির ক্ষেত্রে আবশ্যিকভাবে ইউজিসি কর্তৃক ডিগ্রি সমতায়নের প্রত্যয়নপত্র জমা দিতে হবে;
- ৫। সরকারি কর্মকর্তার ক্ষেত্রে আবেদনকারীর চাকুরী স্থায়ী হতে হবে এবং চাকরিতে প্রবেশের পর বিদেশে মাস্টার্স ডিগ্রি সম্পন্ন করে থাকলে এই প্রোগ্রামের জন্য বিবেচিত হবেন না;
- ৬। ইতোপূর্বে সরকারি/বেসরকারি/আন্তর্জাতিক কোন সংস্থা কর্তৃক পূর্ণাঙ্গ স্নাতক/স্নাতকোত্তর বৃত্তি/ফেলোশিপপ্রাপ্ত প্রার্থীগণ এ ক্ষলারশিপের জন্য বিবেচিত হবেন না;
- ৭। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা, বিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত্ব সরকারি প্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি বীমা কোম্পানি (লাইফ/নন-লাইফ)-তে চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে প্রার্থীগণ আবেদনের অগ্রিম কপি নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে পারবেন;
- ৮। বৃত্তিপ্রাপ্ত ব্যক্তি অধ্যয়ন শেষে দেশে ফিরে কমপক্ষে ১০ বছর দেশের বীমা খাতের সাথে যুক্ত থাকতে হবে;
- ৯। আগ্রহী প্রার্থীগণ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.fid.gov.bd ও www.idra.org.bd) থেকে আবেদনপত্রের ফরম ডাউনলোড করতে পারবেন;
- ১০। সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, পরীক্ষার মার্কশিট/গ্রেড পয়েন্টের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট এর সত্যায়িত কপি, TOEFL/IELTS পরীক্ষার ফলাফল এর সত্যায়িত কপিসহ নিম্নস্বাক্ষরকারী বরাবরে ডাকযোগ অথবা সরাসরি পৌছাতে হবে;
- ১১। আবেদনের সময়সীমা আগামী ৩০ জুন, ২০২২ তারিখ, বৃহস্পতিবার, বিকাল ০৫:০০ টা এবং

১২। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন/পরিবর্ধন এবং যে কোন বৃত্তিপ্রাপ্ত ব্যক্তির আবেদন বিবেচনা/বাতিলের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষণ করেন।


মোঃ জাহিদ হোসেন
উপসচিব

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

☎ ০২-২২৩৩৫৪০১০

ই-মেইল: ds.insurance@fid.gov.bd